

বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত প্রকল্পসমূহের (২০১৭-১৮ অর্থ বছর) সেপ্টেম্বর-২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক পর্যালোচনা সভা

চাকার ইক্সটেন্শন প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৭ অক্টোবর
সকাল- ১১.০০ ঘটিকায় মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত (এডিবি)
প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও
বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি'র সভাপতিত্বে পর্যালোচনা সভাটি অনুষ্ঠিত হয়। সভায় বিনিয়োগ ও
কারিগরি সহায়তায় পরিচালিত ৮টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিবরণ তুলে ধরা হয়। গত বছর এ সময়ের তুলনায় এ
বছর মন্ত্রণালয়ের আর্থিক অগ্রগতির পরিমাণ বেশি। ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভূক্ত (এডিবি)
প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বরাদ্দের বিপরীতে আর্থিক অবমুক্তির পরিমান ৩৩.৬৪%। সভায় যে সকল প্রকল্পের
কাজে অগ্রগতি সম্প্রোৱজনক নয়, সেসকল প্রকল্প এলাকার গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী ও ঠিকাদারবৃন্দ উপস্থিত হন
এবং তাদেরকে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। পর্যালোচনা সভায় ভারপ্রাপ্ত
সচিব ড. নমিতা হালদার, এনডিসি বলেন, প্রকল্প কাজের অগ্রগতি তথা সরকারি কাজের উন্নয়ন মানে জনগণের উন্নয়ন।
নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য সভার সকলকে অনুরোধ জানান। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত
ছিলেন, মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি, অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম
এবং মন্ত্রণালয় ও দণ্ড সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্পসমূহের পরিচালকবৃন্দ, গণপূর্ত বিভাগের বিভিন্ন জেলার নির্বাহী
প্রকৌশলী ও ঠিকাদারবৃন্দ।